



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২০১১৮৮৬০১/সাতক্ষীরা-২০৯/১৩২৫

তারিখ: ০৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৩৯৫/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক দরখাস্তকারী জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) এর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: ১। জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) এর দরখাস্ত তাং ২৪/০৬/২০২০ খ্রি.;  
২। রিট পিটিশন নং-৪৩৯৫/২০২০;  
৩। নং-বামাশিবো/প্রশা/সাত-২০৯/৭৯/৫; তারিখ: ১৫/১০/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন আখড়াখোলা মুকুন্দপুর দাখিল মাদ্রাসার সুপার ও ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৩৯৫/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে গত ২১.১০.২০২০খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মশিউর রহমান, মাদ্রাসার সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার জনাব মোহাম্মাদ আব্দুল্লাহ এবং দরখাস্তকারী জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) বোর্ডে উপস্থিত হলেও ম্যানেজিং কমিটির সভাপতি উক্ত শুনানীতে অনুপস্থিত ছিলেন। উপস্থিত ব্যক্তিবর্গ স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন।

মাদ্রাসার সুপার কর্তৃক কারণ দর্শানোর নোটিশে দেখা যায় জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) ০২/০৩/২০১৩খ্রি. হতে ১৫/০৮/২০১৩খ্রি. পর্যন্ত মাদ্রাসায় অনুপস্থিত ছিলেন। উক্ত কারণ দর্শানোর জবাবে জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) অসুস্থতাজনিত কারণে ঢাকায় অবস্থানসহ কতিপয় ব্যক্তিগত সমস্যার কথা উল্লেখ করেন এবং তাকে দীর্ঘদিন যাবৎ মাদ্রাসার হাজিরা খাতায় স্বাক্ষর ও দায়িত্ব পালন থেকে অবৈধভাবে বিরত রাখা হয়েছে মর্মে উল্লেখ করেন। জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) এর অনুপস্থিতির বিষয়ে সুপার কর্তৃক বিভাগীয় ব্যবস্থা নেয়া সংক্রান্ত কোনো প্রকার কাগজপত্র দাখিল করতে পারেননি।

বর্ণিত অবস্থায় জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) এর বিষয়ে সুপার কর্তৃক কোন দালিলিক প্রমাণ উপস্থাপন করতে না পারায় এবং সুপার কর্তৃক প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী) পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
১৫.০২.২০

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার  
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

প্রাপকঃ


১. সভাপতি, আখড়াখোলা মুকুন্দপুর দাখিল মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;
২. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আখড়াখোলা মুকুন্দপুর দাখিল মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;
৩. জনাব মশিউর রহমান, সহকারী শিক্ষক (মৌলভী), আখড়াখোলা মুকুন্দপুর দাখিল মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;

স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২০১১৮৮৬০১/সাতক্ষীরা-২০৯/১৩২৫


তারিখ: ০৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৪. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
১৮/১/২০  
মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
১৮/১/২০